সেবেচ্ছয়ৈব তৎপ্রার্থ্যং প্রাপ্তবন্তঃ। যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা ইত্যাদিবৎ॥ ১১॥ ২০॥ শ্রীভগবান্॥ ৮১—৮৪॥

শ্লোকস্থ "ইতরৈরপি" এই পদের অর্থ তীর্থযাত্রা ব্রতাদি-অনুষ্ঠানের দ্বারা যে ফললাভ হইবে, সে সমুদয় ফলই আমার ভক্তিযোগ-প্রভাবে মদীয় ভক্ত লাভ করিয়া থাকে। অথচ সেইসকল ফললাভও অনায়াসেই হইয়া থাকে। সেইসকল সাধনের সর্ব্বফল কি? তাহাই বলিতেছেন—"স্বর্গাপবর্গং মদ্ধাম" অর্থাৎ স্বর্গ—প্রাপঞ্চিক সুখ। ক্রমশঃ চিত্তশুদ্ধি প্রভৃতি ক্রমে অপবর্গ—মোক্ষসুখও হইয়া থাকে; এমন কি সেই প্রাপঞ্চিক সুখ এবং মোক্ষসুখকে তিরস্কার করে এবম্ভুত সুখও হইয়া থাকে। ইহাই বলিতেছেন "মদ্ধাম" অর্থাৎ বৈকুণ্ঠলোকে বাসজনিত সুখও যদি অনুভব করিতে চায়, তাহাও আমার ভক্তিযোগ-প্রভাবে আমার ভক্ত অনায়াসে লাভ করিয়া থাকে। এস্থলে একটি প্রশ্ন উঠিতে পারে যে, যে জন শ্রীকৃষ্ণের নিষ্কাম ভক্ত, সে জন আবার স্বর্গ মোক্ষ বৈকুণ্ঠ চাহিবে কেন? আর যদি চায়, তাহা হইলে সে জন কিরূপে নিষ্কাম ভক্ত হইতে পারে? তাহারই উত্তরে বলিতেছেন—"কথঞ্চিৎ যদি বাঞ্ছতি" অর্থাৎ ভক্তিরই সহায়কারী-রূপে কোনও ভক্ত যদি বাঞ্ছা করে; যেমন সেই তিনটী বাঞ্ছার মধ্যে শ্রীচিত্রকেতু প্রভৃতির মত কোন ভক্তের স্বর্গবাঞ্ছা হইয়া থাকে, সেই শ্রীচিত্রকেতু মহারাজের স্বর্গবাঞ্ছাটি যে ভক্তির সহায়কারীরূপে হইয়াছিল, তাহাও ষষ্ঠস্কন্ধে উল্লেখ করা আছে—"স লক্ষং বর্ষলক্ষাণামব্যাহতবলক্রিয়ঃ। রেমেবিদ্যাধরস্ত্রীভির্গাপয়ন্ হরিমীশ্বরম্॥" অর্থাৎ সেই শ্রীমান্ চিত্রকেতু মহারাজ অপ্রতিহতবলক্রিয় হইয়া লক্ষ লক্ষ বর্ষপর্য্যন্ত বিদ্যাধরস্ত্রীগণের দ্বারা নিজ প্রাণবল্লভ শ্রীহরিকীর্ত্তন করাইয়া বিহার করিয়াছিলেন। এস্থলে তাঁহার স্বর্গীয়-সুখবাঞ্ছাটির উদ্দেশ্য অতি দীর্ঘকাল ব্যাপিয়া বার্দ্ধক্যরহিত-ভাবে সুকণ্ঠী বিদ্যাধররমণীগণের সুকণ্ঠে গীত নিজ প্রাণবল্লভের গুণকীর্ত্তনের লালসায় হইয়াছিল। কারণ মরজগতে থাকিলে বার্দ্ধক্য আসিয়া শ্রীহরি-কীর্ত্তন-শ্রবণাদিতে অবসাদ ঘটাইবে এবং সুকণ্ঠী বিদ্যাধররমণীগণও দীর্ঘকাল মরজগতে থাকিলে তাহাদেরও বার্দ্ধক্য আসিবে ও সুস্বর ভঙ্গ হইয়া যাইবে; সাধ মিটাইয়া শ্রীহরিকীর্ত্তন শ্রবণ করা হইবে না—এই ভাবিয়াই স্বর্গবাঞ্ছা করিয়াছিলেন। কোন কোন ভক্ত নিষ্কাম হইয়াও শ্রীশুকদেবাদির মত স্বর্গবাঞ্ছা করিয়া থাকেন। শ্রীশুকদেব যেমন শ্রীকৃষ্ণের নিকটে মায়া-নিবৃত্তির প্রার্থনা জানাইলে, শ্রীকৃষ্ণও তাঁহার প্রার্থনানুসারে মায়ানিবৃত্তি করিয়া দিলে মাতৃগর্ভ হইতে বাহির হইয়াছিলেন—এইরূপ কথাপ্রসঙ্গ